**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০৬৫.২০১৭- ৬৩৭

তারিখ : ১৯ ভাদ্র ১৪২৭ / ০৩ সেপ্টেম্বর ২০২০

বিষয় : ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে কক্ষ বরাদ্দ প্রদান সংক্রান্ত।

সূত্র : (১) এ বিভাগের স্মারক নং-ইপ/বিবিধ-১৪/২০০১/৮২১, তারিখ: ২৫/০৬/২০০৭খ্রি:।
(২) এ বিভাগের স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০৬৫.২০১৭-৪৪১, তারিখ: ২১/০৬/২০১৭খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তৃণমূল পর্যায়ে জনসাধারণকে One Stop Service প্রদানের লক্ষ্যে পর্যায়ক্রমে সকল ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ করা হচ্ছে। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা-৬৩, তৃতীয় তফসিল এবং অনুমোদিত প্লান অনুযায়ী বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরসমূহের মাঠ পর্যায় অফিসের জন্য ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে নিম্নরূপ কক্ষের সংস্থান রাখা হয়েছে :

| মূল অংশ | সম্প্রসারিত অংশ | |
|---|---|---|
| (১) চেয়ারম্যান-১টি | (১) কৃষি সম্প্রসারণ-০১টি, | (৫) বিআরডিপি-০১টি, |
| (২) সদস্য ও সদস্যা-০১টি | (২) পশু সম্পদ-০১টি | (৬) শিক্ষা-০১টি, |
| (৩) ইউপি সচিব-০১টি | (৩) আনসার ভিডিপি-০১টি, | (৭) এলজিইডি-০১টি এবং |
| (৪) সভা কক্ষ-০১টি। | (৪) ডিপিএইচই-০১টি, | (৮) পরিদর্শন কক্ষ-০১টি। |

০২। উল্লিখিত মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাসমূহের মাঠ পর্যায়ের প্রাধিকারভূক্ত অফিস ব্যতিরেকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা-৬৩, তৃতীয় তফসিল এবং অনুমোদিত প্লান অনুযায়ী অন্য কোনো মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নামে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে কক্ষ বরাদ্দ প্রদানের সুযোগ নেই।

০৩। এমতাবস্থায়, ইউনিয়ন পরিষদের কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত প্রাধিকারভুক্ত অফিস ব্যতিরেকে অন্য কোনো প্রতিষ্ঠানকে কক্ষ বরাদ্দ না দেওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মো: আকবর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪১৯০
up2lgd@gmail.com

জেলা প্রশাসক (সকল)
-----------------------জেলা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। বিভাগীয় কমিশনার (সকল)---------------------------বিভাগ।
২। পরিচালক, স্থানীয় সরকার----------------------------বিভাগ।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি)-------------------------জেলা।
৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। চেয়ারম্যান --------------------ইউনিয়ন পরিষদ-----------------উপজেলা------------------জেলা।
৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। যুগ্মসচিব (ইউপি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

E:\All Documents\Union Parishad-2\General\Note & Letter\Letter-1-177